



স্মারক নং-৩৪.০১.৬৪০০.০০৬.৩৮.২৮.২০০১ (অংশ-৮) - ১০০৮

তারিখঃ ১৯/০৯/২০২২খ্রিঃ

### ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবদের কর্মসংস্থানের নিমিত্তে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃষ্টির জন্য যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর নওগাঁ এর ০১ (এক) মাস মেয়াদী আবারিক সংক্ষিপ্ত নিয়ন্ত্রণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবদের নিকট থেকে ভর্তি নিয়ন্ত্রণকালীন অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্স/শ্রেণির নাম	কোর্সের মেয়াদ	ভর্তির তারিখ	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ
১	"কৃষি ও হাটকালাচার / গবাদি পশুপালন বিষয়ক" প্রশিক্ষণ	১ মাস (০২/১০/২০২২-৩১/১০/২০২২)	০২/১০/২০২২	২৭/০৯/২০২২	২৯/০৯/২০২২

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ

১। নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় কোর্সটি বাস্তবায়ন করা হবে।

২। প্রার্থীকে অবশ্যই ১৮ থেকে ৩৫ বছর বয়সী, কমপক্ষে ৮ম শ্রেণী পাশ বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।

৩। যুব সংগঠন কর্তৃক মনোনীত যুব বিধাবা, তালাকপ্রাপ্ত, দুস্থ, বেকার অবিবাহিত যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

৪। স্বহস্তে লিখিত দরখাস্তে ০১) নাম (বাংলা ও ইংরেজী) ০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) ০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) ০৪) জন্ম তারিখ ০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স ০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র ০৭) বর্তমান ঠিকানা ০৮) স্থায়ী ঠিকানা ০৯) শিক্ষাগত যোগ্যতা ১০) ধর্ম ১১) জেভার/লিঙ্গ ১২) মোবাইল নম্বর (যদি থাকে) ১৩) বিকল্প যোগাযোগ নম্বর ১৪) ইতিপূর্বে পৃথীত প্রশিক্ষণ শ্রেণির নাম (যদি থাকে) ১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং ১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতঃ য় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে বর্ণিত তারিখে দরখাস্ত গ্রহণ এবং বর্ণিত তারিখ সকাল ১০.০০টার সময় সাক্ষাৎকার গ্রহণ করা হবে। চূড়ান্ত ভাবে মনোনীত প্রার্থীকে বর্ণিত তারিখে মনোনয়ন পত্র সহ যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় দপ্তরে ভর্তি হতে হবে। সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র দেখাতে হবে।

৫। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা য় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

৬। প্রার্থীকে যাতায়াতের জন্য কোন প্রকার টি, এ/ডি, এ দেয়া হবে না।

৭। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, What's app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।  
প্রশিক্ষণের শর্তাবলীঃ

ক) ভর্তির সময় ভর্তি ফি ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ও জামানত বাবদ=১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে।

খ) আবারিক প্রশিক্ষার্থীগণ নিজেদের বিছানাপত্র, মশারী, খালা, ধ্রাস ইত্যাদি নিত্য ব্যবহায্য দ্রব্যাদি সংগে আনতে হবে।

গ) প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।

ঘ) প্রশিক্ষার্থীগণকে প্রচলিত নিয়মানুসারে বরাদ্দ প্রাপ্ত সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

ঙ) প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

চ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থান নিয়োজিত হতে হবে।

ছ) প্রশিক্ষণকালীন সরকার নিদেশিত স্বাস্থ্যবিধি পরিপনভাবে পালন করতে হবে এবং প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।

(মুঃ জাবেদ ইকবাল)

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।

স্মারক নং-৩৪.০১.৬৪০০.০০৬.২৮.২০০১ (অংশ-৮) - ১০০৮

তারিখঃ ১৯/০৯/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ তাঁকে ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক কোঁটা অনুযায়ী ০৫ জন (এক মাস মেয়াদী) প্রশিক্ষার্থী নির্বাচন করে যথাযথ ভাবে নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষার্থী প্রেরণ করার অনুরোধ করা হইল।

৩। .....

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৫। অফিস কপি।